

তারিখ: ১৬/০৯/২০২১ খ্রি.

## ২০২০ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২০ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার (নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন) আবেদন ফরম পূরণ (২০১৩-১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী) সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অন-লাইনে (www.nubd.info/honours) সম্পন্ন করতে হবে। আগ্রহী পরীক্ষার্থীকে আবেদন ফরম ডাউনলোড করার পর প্রিন্টকপি ও প্রয়োজনীয় কাগজপত্রাদি নিম্নোক্ত শর্তাবলী অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগে জমা দান পূর্বক ফরম পূরণ সম্পন্ন করার জন্য নির্দেশ দেয়া গেল।

### শর্তাবলী:

#### ১। ফরম পূরণ ও জমা দেয়ার তারিখ:

(ক) আবেদন ফরম প্রিন্টকপি ও ফরম পূরণ ফি সংশ্লিষ্ট বিভাগে জমা দেয়ার তারিখ : ০৩/১০/২১ - ০৪/১০/২১ (সকাল ১০:০০ - ১:০০ টা)

#### ২। প্রয়োজনীয় কাগজপত্র:

(ক) ফরমের নির্ধারিত স্থানে পাসপোর্ট সাইজের ১কপি ছবি গাম দিয়ে লাগিয়ে অপর ১কপি ছবি সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

#### ৩। অংশগ্রহণের যোগ্যতা:


নিয়মিত: ২০১৭-১৮ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত যেসকল শিক্ষার্থী ২০১৯ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে, তারা ২০২০ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

অনিয়মিত: যেসকল শিক্ষার্থী ইতোপূর্বে ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে কিন্তু ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে Promoted হয়নি, তারা ২০২০ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

গ্রেডউন্নয়ন: যেসকল শিক্ষার্থী ইতোপূর্বে ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে কিন্তু তারা কোন একটি কোর্সে "F" গ্রেড পেয়েছে অথবা কোন একটি পত্রে অনুপস্থিত রয়েছে, তাদের অবশ্যই সকল কোর্সে গ্রেডউন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে হবে। এছাড়াও ২০১৯ সালের ৩য় বর্ষ পরীক্ষায় যেসকল কোর্সে "C" বা "D" গ্রেড পেয়েছে, সেসকল কোর্সে ২০২০ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় গ্রেডউন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

#### ৪। ফি এর বিবরণ:

বিষয়/বিভাগের নাম	প্রকার	জাতীয় বিশ্ববিদ্যালয়				কলেজ			সর্বমোট
		পরীক্ষার ফি (পূর্ণপত্র/অর্ধপত্র)	ব্যবঃ	ইনকোর্স	অন্তর্ভুক্তি	কেন্দ্র	ব্যবঃ	ব্যবস্থাপনা	
বাংলা/ইংরেজি/ইতিহাস/দর্শন/ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/রাষ্ট্রবিজ্ঞান/অর্থনীতি/ ব্যবস্থাপনা/হিসাববিজ্ঞান	নিয়মিত	৮×২৫০=২০০০	--	১০০	--	৪৫০	--	৫০	২,৬০০
	অনিয়মিত	৮×২৫০=২০০০	--	১০০	--	৪৫০	--	৫০	২,৬০০
প্রাণিবিদ্যা/উদ্ভিদবিজ্ঞান/গণিত	নিয়মিত	৭×২৫০=১৭৫০	২৫০	১০০	--	৪৫০	১২০	৫০	২,৭২০
	অনিয়মিত	৭×২০০=১৭৫০	২৫০	১০০	--	৪৫০	১২০	৫০	২,৭২০
১ পত্র বিশিষ্ট পরীক্ষার্থীদের ক্ষেত্রে		১×২৫০=২৫০	--	--	৩০০	৪৫০	--	৫০	১,০৫০
২ পত্র বিশিষ্ট পরীক্ষার্থীদের ক্ষেত্রে		২×২৫০=৫০০	--	--	৩০০	৪৫০	--	৫০	১,৩০০
৩ পত্র বিশিষ্ট পরীক্ষার্থীদের ক্ষেত্রে		৩×২৫০=৭৫০	--	--	৩০০	৪৫০	--	৫০	১,৫৫০
৪ পত্র বিশিষ্ট পরীক্ষার্থীদের ক্ষেত্রে		৪×২৫০=১০০০	--	--	৩০০	৪৫০	--	৫০	১,৮০০



(প্রফেসর তুষার কান্তি বড়ুয়া)

অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ

রাঙ্গামাটি পার্বত্য জেলা



বিতরণ: ১। বিভাগীয় প্রধান .....(সকল বিভাগ), অত্র কলেজ, রাঙ্গামাটি।

২। প্রশাসনিক শাখা, অত্র কলেজ, রাঙ্গামাটি।

